পুনর্বাসন নীতি কাঠামো নির্বাহী সার সংক্ষেপ

ভূমিকা এবং প্রকল্পের বিবরণ

বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ (BLPA) যা নৌ পরিবহণ মন্ত্রণালয়ের অধীনে একটি স্বায়ত্তশাসিত সংস্থা, বাংলাদেশ ন্যাশনাল বোর্ড অফ রেভিনিউ (NBR) যা অর্থ মন্ত্রণালয়ের অধীনে এবং সড়ক ও মহাসড়ক বিভাগ (RHD) যা সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীনে (MoRTB) এই রিসেটেলমেন্ট পলিসি ফ্রেমওয়ার্ক (RPF) যৌথভাবে প্রস্তুত করেছে। যা বাংলাদেশ সরকারের (GoB) আইন/নীতি এবং বিশ্বব্যাংকের (WB) পরিবেশ ও সামাজিক কাঠামো অনুযায়ী প্রস্তুত করা হয়েছে। এই প্রোগ্রামে চারটি উপাদান রয়েছে। এর মধ্যে কম্পোনেন্ট 2 এর অধীনে সাব-কম্পোনেন্ট 2a, 2b এবং 2c যথাক্রমে BLPA, NBR এবং RHD দ্বারা বাস্তবায়িত হবে। সবুজ এবং স্থিতিস্থাপক আঞ্চলিক পরিবহন এবং বাণিজ্য অবকাঠামো উন্নত করার জন্য, যা মূলত জমি অধিগ্রহণ এবং অনিচ্ছাকৃত পুনর্বাসনের কারণে ভোমরা ও বেনাপোল স্থলবন্দর (বিএলপিএ) এবং সিলেট-সুতারকান্দি সড়ক (আরএইচডি) এলাকায় সামাজিক ঝুঁকি এবং প্রভাব সৃষ্টি করে।এই RPF ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসন এবং ফলস্বরূপ উপ প্রকল্প নির্দিষ্ট পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAPs) প্রস্তুতি ও বাস্তবায়নের নির্দেশনা দেওয়ার জন্য প্রস্তুত যেখানে BLPA এবং RHD এই প্রোগ্রামের অধীনে । সম্ভাব্য ঝুঁকি এবং প্রভাবগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকবে: (i) প্রসারিত right-of-Way (ROW) বরাবর জমি অধিগ্রহণ; (ii) জনসাধারনের সাধারন ব্যবহার্য সম্পদ (CPR) সহ আবাসিক এবং বাণিজ্যিক আবাসন গুলির স্থায়ী এবং/অথবা অস্থায়ী স্থানচ্যুতি; (iii) ROW বরাবর কিছু বিক্রেতা এবং ব্যবসার সাময়িক অর্থনৈতিক স্থানচ্যুতি এবং বাজার এলাকায় যেখানে কিছু গ্রামীণ রাস্তা নির্মাণ এবং/অথবা পুনর্বাসন করা হবে; (iv) গাছ ও ফসলের ক্ষতি; (v) যৌন নির্যাতন (SEA/SH) এবং সড়ক দুর্ঘটনার ঝুঁকি বৃদ্ধি।

RPF এর লক্ষ্য ও উদ্দেশ্য

উপ প্রকল্পের চূড়ান্ত নকশার কাজ চলছে। তাই, প্রাসঙ্গিক পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP/s) প্রস্তুতের নির্দেশনার জন্যে সংশ্লিষ্ট বাস্তবায়নকারি সংস্থা (IAs) একটি RPF প্রস্তুত করার জন্যে সম্মত হয়েছে। এই RPF বিশ্বব্যাংকের ESS5-এর সাথে সামঞ্জস্যপূর্ণ রেখে ভূমি অধিগ্রহণ, ভূমি ব্যবহারে সীমাবদ্ধতা, পুনর্বাসনের নীতি, এবং অনিচ্ছাকৃত পুনর্বাসন বাস্তবায়নে স্বচ্ছতা ইত্যাদি বিষয় যুক্ত করে প্রস্তুত করা হয়েছে। এবং উক্ত মানদণ্ড বাস্তবায়নের সময় ডিজাইন করা নির্ধারিত সাইটের ক্রিয়াকলাপ গুলিতে প্রয়োগ করা হবে। যেহেতু এখনো নকশাগুলি সম্পূর্ণ হয়নি এবং ইতোমধ্যে BLPA এর অংশের জন্য সম্ভাব্যতা অধ্যয়নও চলছে, তাই এই RPF প্রস্তুত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। সাইট-নির্দিষ্ট পুনর্বাসন অ্যাকশন প্ল্যান (RAPs) প্রস্তুত করা যাতে সম্ভাব্য পরিমাণ ভূমি অধিগ্রহণ এবং অনৈচ্ছিক পুনর্বাসন এড়ানো বা হ্রাস করার বিষয়ে RPF প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাগুলিকে (IAs) নির্দেশিত করবে। সেই সাথে এই পুনর্বাসনের ফলে কি ধরণের প্রভাব পড়বে এবং তার ক্ষতিপূরণ এবং এনটাইটেলমেন্ট ব্যবস্থা এতে উল্লেখিত হবে। এছাড়াও ESS5 এ সংজ্ঞায়িত প্রতিস্থাপন খরচ এবং প্রকল্প প্রভাবিত ব্যক্তিদের (PPA) স্থানান্তর এবং জীবিকা পুনরুদ্ধার বিষয়ে এই RPF এ উল্লেখ করা হয়েছে।

বেসলাইন তথ্য

RPF প্রস্তুতির সময় প্রাথমিক প্রভাব এবং ঝুঁকি শনাক্ত করতে নির্বাচিত নমুনা সাইট IAs এবং এর পরামর্শদাতারা পরিদর্শন করেছে। বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে পরামর্শ এবং যাচাই বাছাই করার সময়, স্থানীয় লোকেরা মতামত দেয় যে, RHD রাস্তা নির্মাণ এবং BLPA স্থল বন্দর গুলির উন্নয়ন দারুণভাবে স্থানীয় অর্থনীতি, সামাজিক-সাংস্কৃতিক পরিবেশ, ব্যবসা-বাণিজ্যের সাথে স্থানীয় জনগণের জীবনযাত্রার মান এবং জীবিকার সুযোগের জীবনধারাকে উন্নত করবে। এছাড়া একই সাথে পরিবহন উন্নয়ন, অবকাঠামো সম্প্রসারণ, ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপন এবং নগরায়ন হবে। যেহেতু IAs উপ প্রকল্পের অবস্থান এবং রাস্তার রাইট-অফ-ওয়ে (RoW) চূড়ান্ত করা প্রক্রিয়াধীন রয়েছে, তাই প্রকল্প এলাকার বাসিন্দাদের চাহিদা এবং মূল্যায়নের ভিত্তিতে প্রকৃত প্রকল্পের প্রভাবগুলি যথাযথ সমীক্ষা, সম্ভাব্য ক্ষতির তালিকা (IOL) এবং সামাজিক অর্থনৈতিক সমীক্ষা (এসইএস) এর ভিত্তিতে চিহ্নিত করা হবে।

নীতি, আইনি এবং যে নীতিগর উপর ভিত্তি করে পুনর্বাসন পরিচালনা করে

RPF প্রযোজ্য আইন, এবং এর প্রধান গ্যাপগুলি চিহ্নিত করা হয়েছে এবং পরামর্শ দেয়া হয়েছে যে কীভাবে RAP/s প্রস্তুত করা যায় এবং একই সাথে ব্যাংকের ESS5 এর সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যবস্থার জন্য পরামর্শ দেওয়া হয়।

পুনর্বাসন পরিকল্পনা পদ্ধতি

এই পুনর্বাসন নীতি কাঠামো (RPF) উপ প্রকল্পের সম্ভাব্য প্রভাবগুলির একটি প্রাথমিক মূল্যায়ন প্রদান করবে। তাছাড়া RPF প্রকল্পের প্রথম দিকে এড়িয়ে আসা বা ন্যূনতমকরণের সুযোগগুলি সনাক্ত করতেও সাহায্য করবে। যাতে নকশা তৈরির প্রক্রিয়াটি যথাযথভাবে অবহিত করা যায়। এই পুনর্বাসন নীতি কাঠামো (RPF) এর স্ক্রীনিং অধিকতর মূল্যায়নের সুযোগ সৃষ্টিতে সাহায্য করবে এবং নিয়ন্ত্রক ছাড়পত্র (যদি থাকে) পাওয়ার জন্য প্রয়োজনীয় সময়সীমা নির্ধারণ করতে সহায়তা করবে।

এনটাইটেলমেন্ট এবং যোগ্যতার মানদণ্ড

পুনর্বাসন নীতি কাঠামো (RPF) জমি, ফসল/গাছ, কাঠামো, ব্যবসা/কর্মসংস্থান, এবং কর্মদিবস/মজুরি ক্ষতিপূরণের জন্য উপযুক্ত কিনা

এবং কিভাবে তা প্রদান করা হবে তার বিধানগুলি নির্ধারণ করে। নন-টাইটেলড বা অনানুষ্ঠানিক বাসিন্দা সহ এই প্রকল্পে সরাসরি আক্রান্ত ব্যক্তিদের হারানো সম্পদের (ফসল, কাঠামো, গাছ এবং/অথবা ব্যবসায়িক ক্ষতি) জন্য ক্ষতিপূরণ পাবে এবং (i) ক্ষতিপূরণ (প্রতিস্থাপন মানদণ্ডে সাথে সামঞ্জস্য), এবং/অথবা (ii) জমি প্রতিস্থাপন, কাঠামো প্রতিস্থাপন, চারা ইত্যাদির ক্ষতিপূরণ সহ অন্যান্য পুনর্বাসন সহায়তা যেমন স্থানান্তর ভাতা, কাঠামো পুনর্নির্মাণে সহায়তা, কর্মদিবস/আয় ক্ষতির জন্য ক্ষতিপূরণের বিষদ এই পুনর্বাসন নীতি কাঠামোতে (RPF) উল্লেখ থাকবে। PAPs ব্যতীত RoW-এর মধ্যে প্রকল্প দ্বারা প্রভাবিত যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠান/CPR ক্ষতিপূরণের জন্যে সঠিক পরিমাপপূর্বক উপযুক্ত ক্ষতিপূরণ উল্লেখ করা হয়েছে।

পরামর্শ এবং অংশগ্রহণ

বিএলপিএ এবং আরএইচডি প্রকল্প এলাকার সম্ভাব্য ক্ষতিগ্রস্ত ব্যক্তি যেমন জমি ও কাঠামোর মালিক, জন-সাধারনের জন্যে ব্যবহৃত সম্পদ (সিআরপি) ব্যবস্থাপনার সাথে যুক্ত ব্যক্তি, উপার্জনক্ষম ব্যক্তি ইত্যাদি ব্যক্তিদের দ্বারা উত্থাপিত সমস্ত উদ্বেগ নথিভুক্ত করা হয়েছে।

প্রকল্প বাস্তুচ্যুত ব্যক্তিরা (পিডিপি) বিশেষ করে জমি অধিগ্রহণের কারণে তাদের যে প্রতিকূলতার সম্মুখীন হতে হবে তারা উচ্চ উদ্বেগ প্রকাশ করেছে। একই সাথে তারা ক্ষতিপূরণের হার এবং অর্থপ্রদানের প্রক্রিয়া সম্পর্কে প্রশ্ন উত্থাপন করেছে। এই সমস্ত উদ্বেগগুলি ESS5 প্রশমন ব্যবস্থা নীতির সাথে সঙ্গতিপূর্ণ। , BLPA এবং RHD সেই উদ্বেগগুলিকে এই পুনর্বাসন নীতি কাঠামো (RPF) এর এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্সের সাথে একত্রিত করেছে।

প্রাতিষ্ঠানিক ও বাস্তবায়ন ব্যবস্থা

RPF/RAP বাস্তবায়ন এবং পর্যবেক্ষণ পদ্ধতির ব্যবস্থা করবে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ (BLPA) । প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU)-তে একটি পরিবেশগত ও সামাজিক সেল থাকবে। BLPA প্রকল্পের সকল স্তরে RPF/RAP তত্ত্বাবধান নিশ্চিত করবে। প্রকল্পের সহকারী পরিচালক, উপ-পরিচালক এবং প্রকল্পের সোশ্যাল সেলের ব্যবস্থাপক বিবিআইএন এর একজন জ্যেষ্ঠ সমাজ উন্নয়ন বিশেষজ্ঞ এর সহযোগিতায় RAP-এর প্রস্তুতি ও বাস্তবায়ন নিশ্চিত করবে। তাছাড়া সুপারভিশন কনসালট্যান্ট এবং ঠিকাদারদের RAP বিধানগুলি তত্ত্বাবধান ও বাস্তবায়নের জন্য পরিবেশ ও সমাজ উন্নয়ন বিশেষজ্ঞ থাকবে। RHD-এর প্রাতিষ্ঠানিক ব্যবস্থায় মন্ত্রণালয় পর্যায়ে প্রোগ্রাম স্টিয়ারিং কমিটি (PSC); প্রকল্প পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU); এবং RHD মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) গঠিত হবে। ARIPA 2017 এবং বিশ্ব ব্যাংকের নির্দেশিকা অনুসারে IAs এই প্রকল্পে যে কোনও প্রশ্ন মোকাবেলা এবং সমাধান করবে। পাশাপাশি RAP-তে গৃহীত নির্দেশিকাগুলির প্রয়োগের ক্ষেত্রে কোনও অনিয়ম সম্পর্কে অভিযোগ থাকলে সেই অভিযোগের সমাধান করার একটি পদ্ধতি স্থাপন করবে। এবং এই অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRM) এর মাধ্যমে পরিবেশগত ও সামাজিক প্রভাবকে প্রশমন করবে।

সম্ভাব্য বাজেট

আনুমানিক বাজেট বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ ৯৮০,০০০ ডলার, জাতীয় রাজস্ব বোর্ড ৪০০০০ ডলার এবং সড়ক ও জনপথ ১৬০,০০০ ডলার। এই বাজেট প্রকল্প থেকে বহন করা হবে। তবে এই বাজেটে ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসনের খরচ অন্তর্ভুক্ত করা হয়নি।

পর্যবেক্ষণ

এই প্রকল্পের জন্য প্রস্তুতকৃত সমস্ত সামাজিক স্ট্যান্ডার্ড ডিউ-ডিলিজেন্স রিপোর্ট (DDR) তৃতীয় পক্ষ স্বাধীন ভাবে পর্যবেক্ষণ করবে। এই পর্যবেক্ষণ প্রকল্পের ঝুঁকি ও প্রভাবের সাথে সমানুপাতিক হবে। তদারকি চলাকালে প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের সাথে আলোচনা করা হবে এবং পর্যায়ক্রমিক প্রতিবেদন প্রস্তুত এবং প্রকাশ করা হবে। সেই সাথে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সময়মতো পর্যবেক্ষণের ফলাফল সম্পর্কে অবহিত করা হবে।